দৈনিক ইনকিলাব

তারিখ 03-JUL-1998
পৃষ্ঠা ৩ কলাম ৬



# চট্টগ্রামের ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভিসি পদে প্রফেসর মোহাম্মদ আলী

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** প্রখ্যাত শিক্ষাবিদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর অধ্যাপক মোহাম্মদ আলী ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ভিসি পদে যোগদান করেছেন।

ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে বর্তমানে কোরআনিক সায়েন্স এন্ড ইসলামিক স্টাডিজ, কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি, ব্যবসা প্রশাসন-এ চার বৎসরের অনার্স কোর্স চালু রয়েছে। এছাড়া এক্সিকিউটিভ এমবিএ প্রোগ্রাম, আরবী ভাষায় ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সও রয়েছে। প্রফেসর মোহাম্মদ আলীর ভিসি হিসেবে যোগদান ইসলামী বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে আরো গতিশীল করবে।

সংক্ষিপ্ত জীবনী

চট্টগ্রামের কৃতি পরিবারের সন্তান প্রফেসর আলী ১৯৩৪ সালে জন্মগ্রহণ করেন। অসাধারণ মেধাবী এই শিক্ষাবিদ ১৯৫২ সালে মেধা তালিকায় ২য় স্থান লাভ করে কলা বিভাগে ইন্টারমিডিয়েট উত্তীর্ণ হন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজী সম্মান পরীক্ষায় পোপ গোল্ড মেডেল পেয়ে প্রথম শ্রেণীতে প্রথম হন এবং প্রথম শ্রেণীতে এমএ ডিগ্রী লাভ করেন। তিনি ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সাথে ইংরেজী সাহিত্য এমএ উত্তীর্ণ হন।

বর্ণাঢ্য কর্মময় জীবনে প্রফেসর আলী রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ইংরেজীর শিক্ষক, বিভাগীয় সভাপতি, কলা অনুষদের ডীন, সিন্ডিকেট ও সিনেট সদস্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য হিসেবে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন।

তিনি বাংলা একাডেমী, বাংলাদেশ ইতিহাস সমিতি, জেনেভা কেন্দ্রিক বিশ্ববিদ্যালয়ের ইংরেজী অধ্যাপকদের আন্তর্জাতিক সমিতি, মুসলিম এডুকেশন সোসাইটি চট্টগ্রামের আজীবন সদস্য।

প্রফেসর আলী ১৯৬৯ সাল থেকে ১৯৮৯ পর্যন্ত পৃথিবীর বিভিন্ন দেশে বহু আন্তর্জাতিক সেমিনার ও সম্মেলনে অংশগ্রহণ করেন। প্রফেসর মোহাম্মদ আলীর স্ত্রী ডঃ খালেদা হানুম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপিকা।